

মাননীয় প্রধানমন্ত্রীর
ছবি

বিসমিল্লাহির রাহমানির রাহিম

g#bM0g

প্রধানমন্ত্রী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৪ শ্রাবণ ১৪২২

২৯ জুলাই ২০১৫

eVYx

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে এ বছরও জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৫ উদযাপিত হচ্ছে জেনে আমি আনন্দিত। মৎস্য সম্পদ উন্নয়নের প্রচেষ্টাকে সামাজিক আন্দোলনে পরিণত করতে জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপনের বিশেষ গুরুত্ব রয়েছে বলে আমি বিশ্বাস করি।

প্রতিদিনের খাদ্য তালিকায় মাছ আবহমান বাঙালি সংস্কৃতির একটি অংশ। আমাদের প্রাণিজ আমিষের চাহিদা পূরণের পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য বিমোচন ও বৈদেশিক মুদ্রা অর্জনের মাধ্যমে দেশের অর্থনীতিতে মৎস্যসম্পদ i&ZcY® অবদান রেখে চলেছে। প্রত্যক্ষ বা পরোক্ষভাবে দেশের ১১ শতাংশের অধিক মানুষের জীবন-জীবিকা যোগায় মৎস্যখাত। জাতীয় জিডিপিতে মৎস্যসম্পদের অবদান ৩.৬৯ শতাংশ এবং কৃষিজ জিডিপিতে প্রায় ২২.৬০ শতাংশ। মৎস্য ও মৎস্যজাত পণ্য রপ্তানির ক্ষেত্রে বাস্তবধর্মী ও সমন্বয়পযোগী উদ্যোগ গ্রহণ করার ফলে বিশ্ববাজারে আর্থিক মন্দাবস্থা থাকা সত্ত্বেও ২০১৪-২০১৫ অর্থবছরে প্রায় ৮৩ হাজার ৫২৪ মে.টন মৎস্য ও মৎস্যজাত পণ্য রপ্তানির মাধ্যমে দেশ আয় করেছে ৪ হাজার ৬৬০ কোটি টাকা। প্রাকৃতিক জলাশয়ের সুষ্ঠু ব্যবস্থাপনা, জলজ জীববৈচিত্র্য সংরক্ষণ, পরিবেশ বান্ধব ও উন্নত প্রযুক্তি নির্ভর মৎস্যচাষ ব্যবস্থাপনা ও সম্প্রসারণের মাধ্যমে দেশের মৎস্য উৎপাদন বৃদ্ধি পেয়ে ২০১৩-২০১৪ অর্থবছরে ৩৫ লক্ষ ৪৮ হাজার মে. টনে উন্নীত হয়েছে- যা অত্যন্ত আশাব্যঞ্জক। আন্তর্জাতিক আদালতে আইনি লড়াইয়ের মাধ্যমে ভারত ও মায়ানমারের কাছ থেকে বঙ্গোপসাগরের ১,১৮,৮১৩ বর্গকিলোমিটার এলাকায় আমাদের সার্বভৌম অধিকার প্রতিষ্ঠা করা সম্ভব হয়েছে। এ অর্জন মৎস্যসম্পদের সমৃদ্ধি তথা মৎস্য আহরণ, জীবিকা নির্বাহ ও বৈদেশিক মুদ্রা আয়ের পথকে আরও প্রশস্ত করবে।

সরকার মৎস্যজীবী ও জেলেদের উন্নয়নে অত্যন্ত আন্তরিক। আমাদের সরকারের উদ্যোগেই জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদানের কাজ শুরু করেছিলাম, যা এখন সফল সমাপ্তির পথে। আমি আশা করি জেলে সমাজের আর্থ-সামাজিক উন্নয়নে আমাদের উদ্যোগ KvhKi ভূমিকা রাখবে। ডি জি এফ kaHptgi আওতায় ইলিশ আহরণ নিষিদ্ধকালীন সময়ে জেলেদের পরিবার পিছু ৪০ কেজি চাল দেয়া হয় এবং সেই সাথে জেলেদের বিকল্প কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়েছে।

বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে একটি মধ্যম আয়ের দেশে উন্নীত করার লক্ষ্যে সরকার বিভিন্ন উন্নয়নমূলক ও জনহিতকর কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। বিপুল সম্ভাবনাময় মৎস্য খাত এ লক্ষ্য অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এ বছর জাতীয় মৎস্য সপ্তাহের প্রতিপাদ্য ‘সাগর নদী সকল জলে, মাছ চাষে সোনা ফলে’ অত্যন্ত সমন্বয়পযোগী হয়েছে বলে আমি মনে করি। মৎস্যখাতের সার্বিক উন্নয়নে সংশ্লিষ্ট সবাই নিষ্ঠার সাথে কাজ করবেন-এটাই সকলের প্রত্যাশা। দেশের সকল মৎস্যচাষি, মৎস্যজীবীসহ মৎস্য খাত সংশ্লিষ্ট সকলকে আমার আন্তরিক শুভেচ্ছা।

আমি জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৫ উপলক্ষ্যে আয়োজিত সকল কর্মসূচির সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

শেখ হাসিনা